

ঈশ্বরের পরিচর্যা করতে আপনার সিদ্ধান্ত

ঈশ্বরের এক বন্ধু হতে আপনাকে অবশ্যই কী করতে হবে? (১, ২)

ঈশ্বরের প্রতি কিভাবে আপনি আপনার উৎসর্গীকরণ করবেন? (১)

কখন আপনার বাপ্তিস্ম গ্রহণ করা উচিত? (২)

কিভাবে আপনি ঈশ্বরের প্রতি বিশ্বস্ত থাকতে শক্তি লাভ করতে পারেন? (৩)

১. ঈশ্বরের এক বন্ধু হতে, আপনাকে অবশ্যই বাইবেল সত্যের এক উত্তম জ্ঞান অর্জন করতে হবে (১ তীমথিয় ২:৩, ৪), আপনি যে বিষয়গুলি শিখেছেন তাতে বিশ্বাস স্থাপন করতে হবে (ইব্রীয় ১১:৬), আপনার পাপের জন্য অনুতাপ করতে হবে (প্রেরিত ১৭:৩০, ৩১) এবং আপনার জীবনযাত্রার মোড় ফেরাতে হবে। (প্রেরিত ৩:১৯) তারপর ঈশ্বরের প্রতি আপনার প্রেমের উচিত আপনাকে প্রণোদিত করা তাঁর প্রতি নিজেকে উৎসর্গ করতে। এর অর্থ যে একটি ব্যক্তিগত, নিভৃত প্রার্থনায় আপনি তাঁকে বলুন যে তাঁর ইচ্ছা পালন করতে আপনি নিজেকে তাঁর কাছে অর্পণ করছেন।
—মথি ১৬:২৪; ২২:৩৭.

২. নিজেকে ঈশ্বরের কাছে

উৎসর্গীকরণের পরে, আপনার উচিত বাপ্তিস্ম গ্রহণ করা। (মথি ২৮:১৯, ২০) বাপ্তিস্মগ্রহণ সকলকে জানায় যে আপনি নিজেকে যিহোবার কাছে উৎসর্গ করেছেন। তাই ঈশ্বরের পরিচর্যা করতে সিদ্ধান্ত নেওয়ার মত যথেষ্ট বয়েস হয়েছে যাদের বাপ্তিস্ম শুধুমাত্র তাদেরই জন্য। যখন কোন ব্যক্তিকে বাপ্তিস্মিত করা হয়, তার সম্পূর্ণ দেহকে মুহূর্তের জন্যে জলের নিচে রাখা উচিত।*
—মার্ক ১:৯, ১০; প্রেরিত ৮:৩৬.

৩. আপনার উৎসর্গীকরণ করার পরে, যিহোবা আশা করবেন আপনি আপনার প্রতিজ্ঞা অনুসারে জীবনযাপন করবেন। (গীতসংহিতা ৫০:১৪; উপদেশক ৫:৪, ৫) দিয়াবল চেষ্টা করবে যিহোবার পরিচর্যা করা থেকে আপনাকে বিরত করতে। (১ পিতর ৫:৮) কিন্তু প্রার্থনায় ঈশ্বরের নিকটবর্তী হোন। (ফিলিপীয় ৪:৬, ৭) প্রতিদিন তাঁর বাক্য অধ্যয়ন করুন। (গীতসংহিতা ১:১-৩) মন্ডলীর সাথে ঘনিষ্ঠ সম্পর্কে থাকুন। (ইব্রীয় ১৩:১৭) এই সবগুলি করার দ্বারা, ঈশ্বরের প্রতি বিশ্বস্ত থাকতে আপনি শক্তি লাভ করতে পারবেন। এইভাবে অনন্ত কালের জন্য আপনার কাছে ঈশ্বর যা চান সেই বিষয়গুলি আপনি করতে পারেন!

* ওয়াচ টাওয়ার বাইবেল অ্যান্ড ট্র্যাক্ট সোসাইটি দ্বারা প্রকাশিত জ্ঞান যা অনন্ত জীবনে পরিচালিত করে, অথবা অনুরূপ কোন পুস্তকের একটি অধ্যয়নক্রমকে সুপারিশ করা হচ্ছে বাপ্তিস্মের জন্য প্রস্তুতি হিসাবে।

